

চলন্ত প্লেনে খাওয়ার অনুভূতি দিচ্ছে রেস্টুরেন্ট

- A Monitor Desk Report

Date: 29 October, 2021



‘হাইফ্লাই’ নামের গুজরাটের একটি রেস্টুরেন্ট গ্রাহকদের খাদ্য গ্রহণের সময়ে চলন্ত প্লেনে খাদ্য খাওয়ার অনুভূতি দিচ্ছে। রেস্টুরেন্টটির নাম ‘হাইফ্লাই’।

রেস্টুরেন্ট কর্তৃপক্ষের দাবি, তাদের রেস্টুরেন্টে গ্রাহকরা মাটিতে বসে ‘বাতাসে খাবার গ্রহণের’ আনন্দ উপভোগ করতে পারবেন।

এই রেস্টুরেন্টে একসঙ্গে ১০৬ জন কাস্টমার খাবার খেতে পারবেন। ফ্লাইটের মতো এর মধ্যেও সেক্সর সংযুক্ত করা হয়েছে, যার মাধ্যমে কাস্টমাররা ওয়েটারকে তাদের কাঙ্ক্ষিত খাবারের জন্য অর্ডার করতে পারবেন।

রেস্টুরেন্টের মালিক ও ব্যবস্থাপনা পরিচালক জানান, আমরা রেস্টুরেন্টটি তৈরির জন্য ব্যাঙ্গালুরুর একটি কোম্পানির কাছ থেকে ৩২০ মডেলের একটি এয়ারবাস ক্রয় করি। এরপর এটি ভাদোদারায় নিয়ে এসে রেস্টুরেন্টের কাঠামো দেই। রেস্টুরেন্টটি আপনাকে বাস্তব জীবনে প্লেনে ভ্রমণের আনন্দ দেবে।

তিনি আরও বলেন, তাদের রেস্টুরেন্টে পাঞ্জাবি, চাইনিজ, কন্টিনেন্টাল, ইটালিয়ান, মেক্সিকান এবং থাই খাবারের স্বাদ নিতে পারবেন গ্রাহকরা। প্লেনে বোর্ডিংয়ের মতো বাস্তব আনন্দ দিতে রেস্টুরেন্টটিতে প্রবেশের সময় প্রত্যেককে দেওয়া হচ্ছে একটি করে বোর্ডিং পাস।

এ রেস্টুরেন্টের খাবারের দাম কেমন সে বিষয়ে কোনো তথ্য জানা যায়নি। তবে প্রথম দিন খাবার খাওয়ার পর অনেক ক্রেতা মান নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন।